

## ক্যানবেরায় জাতীয় দিবস

আনিসুর রহমান

গত ২৬শে মার্চ, শুক্রবার, বাংলাদেশের ৪০তম স্বাধীনতা দিবস এবং জাতীয় দিবস উপলক্ষে মান্যবর রাষ্ট্রদূত লেফ. জেন. মাসুদ উদ্দিন চৌধুরী এবং তার স্ত্রী মিসেস জেসমিন মাসুদ তাদের ক্যানবেরাস্থ বাসভবনে একটি রাষ্ট্রিয় সংবর্ধনার আয়োজন করেছিলেন। সিডনী থেকে তিন ঘন্টা গাড়ি চালিয়ে রাষ্ট্রদূতের বাসভবনের সামনে পৌঁছতেই প্রথম যে দৃশ্যটি চোখে পড়লো সেটা হল বিভিন্ন দেশের পতাকাবাহী গাড়ির বহর। ক্যানবেরাবাসিদের জন্য এটা হয়তো কোনো নতুন দৃশ্য নয় কিন্তু আমরা যারা অন্য শহরে থাকি তাদের চোখে এমন দৃশ্য সত্যিই খুব চমৎকার লাগে। একটু কাছে যেতেই কানে ভেসে এলো বাংলা লোকসংগীতের সুর। ক্যানবেরার বাতাস জেনে গেছে আজ আমাদের জাতীয় দিবস। গাড়ি পার্ক করে বাড়ির কাছাকাছি যেতেই পেলাম দেশী খাবারের মৌ মৌ গন্ধ! বুঝলাম আমরা আসতে দেরি করে ফেলেছি। মনে মনে রাস্তার ভিড়কে দোষ দিয়ে ভেতরে ঢুকে দেখি এলাহি কাণ্ড। অস্ট্রেলিয়ান ফেডারেল ও এসিটি সরকার, তিন বাহিনী প্রধান, বিভিন্ন কূটনৈতিক মিশনের প্রধান ও ক্যানবেরা ও সিডনির বাংলাদেশ কমিউনিটির প্রতিনিধি সহ প্রায় তিন শতাধিক মানুষের এক বিশাল সমাবেশ। বাড়ির পেছনে একটু উঁচুতে টেনিস কোর্ট। সেটাকেই বানানো হয়েছে উন্মুক্ত মঞ্চ। পরিবেশিত হচ্ছে বাংলার লোকনৃত্য; যার সুর অনেক দূর থেকে শোনা যাচ্ছিলো। সম্পূর্ণ আন্তর্জাতিক একটা পরিবেশে বাংলা সংস্কৃতির এমন অপূর্ব পরিবেশনা দেখে একটা গানের কলি বার বার মনে পড়ছিল - এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি, সকল দেশের রানী সে যে আমার জন্মভূমি!



ছবিঃ আব্দুল মতিন